দৈনিক ইত্তেফাক

তারিখ 22 JAN 2016
পৃষ্ঠা ২ কলাম ১

# আলোকিত মানুষ হওয়ার শিক্ষা চাই : রাষ্ট্রপতি

■ বিশেষ প্রতিনিধি

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, জাতি গঠন ও উন্নয়নের প্রধান হাতিয়ার শিক্ষা। শুধু অর্থনৈতিক উন্নয়ন নয়, বরং বুদ্ধিভিত্তিক উন্নয়ন, অসাম্প্রদায়িক জীবনবোধ, সর্বোপরি গভীর দেশপ্রেম জাগ্রত করার উপায় হচ্ছে মানসম্মত শিক্ষা। আমাদের বিশ্ববিদ্যালয়গুলোকে এ বিষয়টি মাথায় রেখে শিক্ষাদানের কাজে আত্মনিয়োগ করতে হবে।

গতকাল বৃহস্পতিবার রাজধানীর মিরপুর সেনানিবাসের বিইউপি ক্যাম্পাসে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালসের (বিইউপি) তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

রাষ্ট্রপতি বলেন, শিক্ষার সাথে আনন্দের সংযোগ ঘটাতে হবে। মানবপ্রেম, মনুষ্যত্ব, সংস্কৃতি, ঐতিহ্য, জ্ঞান-প্রযুক্তি নির্ভর কৌশলকে শিক্ষার সাথে সম্মিলন ঘটাতে হবে। সার্টিফিকেট সর্বস্ব শিক্ষা নয়, নোট মুখস্থ করে পাস করার শিক্ষা নয়, আলোকিত মানুষ হবার শিক্ষা চাই, সৃজনশীল ব্যক্তিত্ব গড়ার শিক্ষা চাই। যা কিছু সংকীর্ণ, শিক্ষা আমাদের শেখাবে তা পরিহার করতে। মানুষে সম্মিলন ঘটানোর শিক্ষাই আমরা চাই।

সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মো. আবদুল হামিদ সভাপতি হিসেবে অনুষ্ঠান অলংকৃত করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ. ক. ম মোজাম্মেল হক, এমপি। এছাড়া অনুষ্ঠানে সমাবর্তন বক্তা হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান।

সমাবর্তন অনুষ্ঠানে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর নিরাপত্তা বিষয়ক উপদেষ্টা মেজর জেনারেল (অব: ) তারিক আহমেদ সিদ্দিক, সেনাবাহিনী প্রধান জেনারেল আবু বেলাল মোহাম্মদ শফিউল হক, নৌবাহিনী প্রধান এডমিরাল মুহাম্মদ ফরিদ হাবিব, ভারপ্রাপ্ত বিমান বাহিনী প্রধান এয়ার ভাইস মার্শাল মাসিহুজ্জামান সেরনিয়াবাত, বিইউপির প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ডক্টর নাজমুল আহসান কলিমউল্লাহ, সংসদ সদস্যগণ, বাংলাদেশে নিযুক্ত বিভিন্ন দেশের কূটনৈতিকগণ, সাংবাদিক, শিক্ষাবিদ, সমাজের বিভিন্ন স্তরের বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং সামরিক ও বেসামরিক কর্মকর্তা, বিইউপির শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।